

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিটিএমসি ভবন (১০ম তলা), ৭-৯, কাওরান বাজার,
ঢাকা-১২১৫।
www.dot.gov.bd

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০৩.৯৯.০০৭৫.২৪.১৬৭

তারিখ: ৩১ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ
১৫ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: আফিফ এক্সেসরিজ ইন্ডাস্ট্রিজ লিমিটেড নামক বস্ত্র শিল্প কারখানা এর অনুকূলে নিয়মিত শিল্প আইআরসি আমদানি স্বত্ব পরিবর্তনের সুপারিশ প্রদান প্রসঙ্গে।

সূত্র: আবেদন নং-৪১৩, তারিখ: ১৮/০৫/২০২৫ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, আফিফ এক্সেসরিজ ইন্ডাস্ট্রিজ লিমিটেড, অফিস ও কারখানাঃ সোনাপুর, বটতলা, কাঁচপুর, সোনারগাঁও, নারায়ণগঞ্জ, শিল্প উপ-খাত “গার্মেন্টস এক্সেসরিজ” এর নিবন্ধনকৃত একটি কারখানা। যার নিবন্ধন নং- বস্ত্র/এমআই/আরএমজি/এল০০০১১৯-২৩, তারিখঃ ৩০/০৩/২০২৩ খ্রিঃ। শিল্প প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ নিয়মিত ভিত্তিতে কাঁচামাল আমদানির জন্য বর্তমান নিয়মিত শিল্প আইআরসি নং- ২৬০৩২৬১২০৭৬২৪২৩ এর আমদানি স্বত্ব পরিবর্তনের সুপারিশের জন্য আবেদন জানালে কারখানাটি এ অধিদপ্তরের একজন ইন্সপেক্টর সরেজমিনে পরিদর্শন করে বিস্তারিত তথ্যাদিসহ একটি পরিদর্শন প্রতিবেদন দাখিল করেন। উক্ত পরিদর্শন প্রতিবেদন এবং দাখিলকৃত কাগজপত্রাদি পরীক্ষা নিরীক্ষা করে প্রতিষ্ঠানটির অনুকূলে নিয়মিত শিল্প আইআরসি এর ষাণ্মাসিক আমদানি স্বত্ব ২,৫০,০০,০০০/- (দুই কোটি পঞ্চাশ লক্ষ) টাকা এবং বার্ষিক আমদানি স্বত্ব ৫,০০,০০,০০০/- (পাঁচ কোটি) থেকে বৃদ্ধি করে গার্মেন্টস এক্সেসরিজ এর জন্য শিল্প আইআরসি এর ষাণ্মাসিক আমদানি স্বত্ব ১০,০০,০০,০০০/- (দশ কোটি) টাকা বার্ষিক আমদানি স্বত্ব ২০,০০,০০,০০০/- (বিশ কোটি) টাকা পুনঃ নির্ধারণ পূর্বক সুপারিশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য যে, “গার্মেন্টস এক্সেসরিজ” উপ-খাতের শিল্প প্রতিষ্ঠানটির কাঁচামাল আমদানির ক্ষেত্রে আমদানি নীতি আদেশ ২০২১-২৪ যথাযথ ভাবে প্রতিপালন করতে হবে।

০২। অতএব, উপরিউক্ত সিদ্ধান্তের আলোকে আমদানি নীতি আদেশ এবং অন্যান্য সরকারি বিধিবিধান প্রতিপালন সাপেক্ষে আফিফ এক্সেসরিজ ইন্ডাস্ট্রিজ লিমিটেড নামক বস্ত্র শিল্প কারখানা এর অনুকূলে নিয়মিত শিল্প আইআরসি এর ষাণ্মাসিক আমদানি স্বত্ব ২,৫০,০০,০০০/- (দুই কোটি পঞ্চাশ লক্ষ) টাকা এবং বার্ষিক আমদানি স্বত্ব ৫,০০,০০,০০০/- (পাঁচ কোটি) থেকে বৃদ্ধি করে গার্মেন্টস এক্সেসরিজ এর জন্য শিল্প আইআরসি এর ষাণ্মাসিক আমদানি স্বত্ব ১০,০০,০০,০০০/- (দশ কোটি) টাকা বার্ষিক আমদানি স্বত্ব ২০,০০,০০,০০০/- (বিশ কোটি) টাকা পুনঃ নির্ধারণ করার জন্য যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সুপারিশ করা হলো। শিল্প প্রতিষ্ঠানটি গার্মেন্টস এক্সেসরিজ বিধায় আমদানিযোগ্য কাঁচামাল সমূহ (নিষিদ্ধ পণ্য ব্যতিত এবং শর্তযুক্ত পণ্য শর্ত প্রতিপালন সাপেক্ষে) বন্ডেড ওয়্যার হাউজ পদ্ধতির মাধ্যমে আমদানি করতে হবে। এ জন্য আইন ও বিধি অনুসারে কোন দায় বা দায়িত্ব থেকে তাকে অব্যাহতি দেবে না।

১৫-০৭-২০২৫
মো:সাইফুর রহমান
উপ-পরিচালক

প্রধান নিয়ন্ত্রক (অতিরিক্ত দায়িত্ব)
আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর।

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০৩.৯৯.০০৭৫.২৪.১৬৭/১ (৭)

৩১ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ
তারিখ: ১৫ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। যুগ্ম নিয়ন্ত্রক, নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর।
- ২। কাস্টমস বন্ড কমিশনারেট, ৩৪২/১, সেগুন বাগিচা, ঢাকা।
- ৩। আফিফ এক্সেসরিজ ইন্ডাস্ট্রিজ লিমিটেড, অফিস ও কারখানাঃ সোনাপুর, বটতলা, কাঁচপুর, সোনারগাঁও, নারায়ণগঞ্জ।
- ৪। উপপরিচালক (কারিগরি) (অতিরিক্ত দায়িত্ব), ওয়ানস্টপ সার্ভিস সেন্টার, বস্ত্র অধিদপ্তর।
- ৫। এসিস্টেন্ট মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কোষ, বস্ত্র অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৬। ব্যক্তিগত সহকারি, মহাপরিচালকের দপ্তর, বস্ত্র অধিদপ্তর।
- ৭। পিএ কাম সাঁট লিপিকার, পরিচালক (বস্ত্র) এর দপ্তর, বস্ত্র অধিদপ্তর।



১৫-০৭-২০২৫
কামরুল আলম
সহকারী পরিচালক